# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ বারো চাঁদের সালাত ও ফযীলত

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

(খ) শাবান মাস বিষয়ক জাল ও ভিত্তিহীন কথাবার্তা

‘বার চান্দের ফযীলত’ জাতীয় কোনো কোনো পুস্তকে শা’বান মাসের প্রথম রজনীতে বিশেষ সূরা বা আয়াত দিয়ে কয়েক রাক‘আত সালাত আদায়ের কথা, ফাতিমার (রা) জন্য বখশিশ করার কথা, শা’বান মাসে নির্ধারিত পরিমাণ দরূদ শরীফ পাঠের বিশেষ ফযীলতের কথা, শাবান মাসের যে কোনো জুমুআর দিবসে বিশেষ সূরা দ্বারা বিশেষ পদ্ধতিতে কয়েক রাক‘আত সালাত আদায়ের কথা এবং সেগুলোর কাল্পনিক সাওয়াবের কথা লিখা হয়েছে।[1] এগুলো সবই ভিত্তিহীন বানোয়াট কথা। শা’বান মাসে নফল সিয়াম পালন ব্যতীত অন্য কোনো প্রকারের বিশেষ ইবাদতের কথা কোনো হাদীসে বলা হয় নি।

## ফুটনোট

[1] মুফতী হাবীব ছামদানী, বার চান্দের ফযীলত, পৃ. ১৮-১৯।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4954

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন